

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৮২১.৮৪.০৪৩.১৯.১৩—মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো. সোহরাব হোসাইন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন।

২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব মো. সোহরাব হোসাইন-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৬২৭)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : $\frac{১৫ পৌষ ১৪২৬}{৩০ ডিসেম্বর ২০১৯}$

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো. সোহরাব হোসাইন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডরের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করছেন।

জনাব মো. সোহরাব হোসাইন কর্মজীবনের শুরুতে মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন। তিনি সহকারী কমিশনার, উপজেলা ম্যাজিস্ট্রেট, পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে এবং পরবর্তী পর্যায়ে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়; অর্থ বিভাগ; শিক্ষা মন্ত্রণালয় প্রতৃতি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে একজন প্রাঞ্জ ও মেধাবী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করেন। এ ছাড়া জনাব মো. সোহরাব হোসাইন বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির রেক্টর হিসাবেও সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব মো. সোহরাব হোসাইন গত ১৪ ডিসেম্বর ২০১৫ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব নিযুক্ত হন। পরে শিক্ষা মন্ত্রণালয় দুটি বিভাগে বিভক্ত হলে তিনি গত ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব হিসাবে যোগদান করেন। অতঃপর গত ৩০ জানুয়ারি ২০১৯ তারিখে সরকারের সিনিয়র সচিব হিসাবে পদোন্নতিপ্রাপ্ত হয়ে একই মন্ত্রণালয়ে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন।

একজন স্থিতৰী, প্রাঞ্জ, বিচক্ষণ ও সূজনশীল কর্মকর্তা হিসাবে জনাব মো. সোহরাব হোসাইন পরবর্তী প্রজন্মের কর্মকর্তাদের নিকট একজন অনুপ্রেরণীয় এবং অনুকরণীয় ব্যক্তিত্ব হয়ে থাকবেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মো. সোহরাব হোসাইন-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd